# নগর উন্নয়ন অধিদপ্তর

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

**(www.udd.gov.bd)**

অপরিকল্পিত নগরায়ন ও বিচ্ছিন্ন উন্নয়ন রোধকল্পে ১৯৬৪ সালে বাংলাদেশ সরকার ভৌত পরিকল্পনা এবং উন্নয়নের জন্য "ইউনাইটেড নেসন্স স্পেশাল ফান্ড" এর নিকট কারিগরী সহায়তা চেয়ে অনুরোধ জানায়। এর প্রেক্ষিতে ১৯৬৫ সালে ১৭ই জুলাই নগর উন্নয়ন অধিদপ্তর নামে নতুন একটি সংস্থা প্রতিষ্ঠিত হয়।

### নগর উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যক্রম সমূহঃ

১) নগরায়ন, নগর এলাকার ভূমির সুষ্ঠ ব্যবহার ও ভূমি উন্নয়ন বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান করা।

(২) দেশের ৪টি মেট্রোপলিটন সিটি যথাঃ- ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী বাদে সকল নগর এলাকার মাষ্টার প্ল্যান প্রণয়ন, নগর এলাকার অভ্যন্তরে এলাকাভিত্তিক বিস্তারিত ভূমি ব্যবহার নকশা ও অঞ্চলভিত্তিক প্ল্যান প্রণয়ন ও সমন্বয় সাধন করা।

(৩) নগরায়ন প্রক্রিয়ায় আর্থ-সামাজিক বিষয়ে গবেষণা করা ও ভবিষতে নগর উন্নয়নের ক্ষেত্রে দেশব্যাপী নগর উন্নয়ন সংক্রান্ত স্থান নির্ণয় করা।

(৪) নগরায়ন কর্মসূচী প্রণয়ন করা এবং এই কর্মসূচী সংশ্লিষ্ট সেক্টর এজেন্সীগুলোর উন্নয়নমূলক কর্মকান্ডের স্থান নির্ধারনে সহযোগীতা করা।

(৫) মানব বসতি উন্নয়ন পরিকল্পনাকারী প্রতিষ্ঠান হিসাবে নগর উন্নয়ন অধিদপ্তর আন্তর্জাতিক সকল কারিগরী সহযোগীতা বিষয়ক কর্মসূচী বাস্তবায়নে দেশের ফোকাল পয়েন্ট ও প্রতিরূপ সংস্থা হিসেবে কার্যাদি সম্পাদন করা।


(৬) ভৌত পরিকল্পনা এবং নগরায়ন ও মানববসতি সংক্রান্ত বিষয়ে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে সেমিনার এবং ওয়ার্কশপের আয়োজন করা এবং নগরায়ন ও মানববসতি সংক্রান্ত গবেষণালব্ধ বিষয় সম্পর্কে প্রকাশনা বের করা।

(৭) পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ে বিভিন্ন প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের "ইন-সার্ভিস" প্রশিক্ষণ প্রদান করা

(৮) নগর উন্নয়ন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ সংস্থাসমূহকে তাদের অনুরোধক্রমে পরামর্শ প্রদান করা।

এ্যালোকেশন অব ফাংশন অনুযায়ী, নগর উন্নয়ন অধিদপ্তর প্রধানত ভূমি ব্যবহার পরিকল্পনা সমন্বয় সাধন এবং সাব-ন্যাশনাল প্ল্যান তৈরীতে নিয়োজিত। অধিকন্তু, নগর উন্নয়ন অধিদপ্তর পাঁচস্তর বিশিষ্ট প্ল্যানিং প্যাকেজ তৈরী , সমন্বয় এবং উন্নয়ন করে যাচ্ছে ঃ (১) রিজিওনাল প্লান (২) স্ট্রাকচার প্ল্যান (৩) আরবান এরিয়া প্ল্যান (৪) রুরাল এরিয়া প্লান এবং (৫) ডিটেইল্ড এরিয়া প্ল্যান। ১৯৮৪-১৯৯১ পর্যন্ত নগর উন্নয়ন অধিদপ্তর ৫০টি জেলা এবং ৩৯২ টি উপজেলা বা পৌরসভার মাষ্টার প্ল্যান সফলভাবে প্রণয়ন করেছে। বর্তমানে বিভিন্ন দপ্তর/সংস্থা/ বিশ্ববিদ্যালয় যেমন BRAC, Practical Action, খুলনা বিশ্ববিদ্যালয় এর স্থাপত্য ডিসিপ্লিন, সেন্টার ফর এনভায়রনমেন্টাল এন্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস (CEGIS), চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগ, পার্টিসিপেটরী ডেভেলপমেন্ট এক্শন প্রোগ্রাম, The United Nations Human Settlements Programme এর সাথে সমঝোতা স্মারক সম্পাদিত হয়েছে।



**Tires of Development Plan**






## চলমান প্রকল্পসমূহ

| | |
|---|---|
| "পায়রা বন্দর নগরী ও কুয়াকাটা উপকূলীয় অঞ্চলের পরিবেশ-পর্যটনভিত্তিক সমন্বিত পরিকল্পনা প্রণয়ন" শীর্ষক প্রকল্প। বাস্তবায়ন কালঃ জুলাই ২০১৭- জুন ২০১৯ |   |
| "চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়নঃ সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ" শীর্ষক প্রকল্প। বাস্তবায়ন কালঃ জানুয়ারী ২০১৭- ডিসেম্বর ২০১৮। |  |
| "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর কুষ্টিয়া সদর উপজেলা" বাস্তবায়ন কালঃ জানুয়ারী ২০১৬- ডিসেম্বর ২০১৭ |  |


## সমাপ্ত প্রকল্পসমূহ

| | |
|---|---|
| স্ট্রাকচার প্ল্যান ম্যাপ, ময়মনসিংহ স্ট্র্যাটেজিক ডেভেলপমেন্ট প্ল্যান প্রকল্প, ২০১১-২০৩১। |  |
| "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান অব কক্সবাজার টাউন এন্ড সী-বীচ আপ টু টেকনাফ" শীর্ষক প্রকল্প। বাস্তবায়ন কালঃ জানুয়ারি ২০০৯-জুন ২০১১ |  |
| "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর বেনাপোল-যশোর হাইওয়ে করিডোর" শীর্ষক প্রকল্প। বাস্তবায়ন কালঃ ২০১৩-২০১৮। |  |
| "স্ট্রাকচার প্ল্যান, আরবান এরিয়া প্ল্যান এন্ড ডিটেইল্ড এরিয়া প্ল্যান ফর সিলেট এন্ড বরিশাল ডিভিশনাল টাউন বাস্তবায়ন কালঃ ২০১৩-২০১৮। |  |
| স্ট্রাকচার প্ল্যান ম্যাপ, মাদারীপুর এন্ড রাজৈর উপজেলা "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলা" শীর্ষক প্রকল্প, ২০১৩-২০১৮। |  |
| স্ট্রাকচার প্ল্যান ম্যাপ, দোহার উপজেলা "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলা" শীর্ষক প্রকল্প, ২০১৩-২০৩৩। |   |
| স্ট্রাকচার প্ল্যান ম্যাপ, নবাবগঞ্জ উপজেলা "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলা" শীর্ষক প্রকল্প, ২০১৩-২০৩৩। |  |
| স্ট্রাকচার প্ল্যান ম্যাপ, শিবচর উপজেলা "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলা" শীর্ষক প্রকল্প, ২০১৩-২০৩৩। |   |

| | |
|---|---|
| স্ট্রাকচার প্ল্যান ম্যাপ, রায়পুরা উপজেলা "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলা" শীর্ষক প্রকল্প, ২০১৩-২০৩৩। |  |
| স্ট্রাকচার প্ল্যান ম্যাপ, শিবপুর উপজেলা, "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলা" শীর্ষক প্রকল্প, ২০১৩-২০৩৩। |  |
| স্ট্রাকচার প্ল্যান ম্যাপ, ঈশ্বরগঞ্জ উপজেলা "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলা" শীর্ষক প্রকল্প, ২০১৩-২০৩৩। |  |
| স্ট্রাকচার প্ল্যান ম্যাপ, বাগমারা উপজেলা "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলা" শীর্ষক প্রকল্প, ২০১৩-২০৩৩। |  |
| স্ট্রাকচার প্ল্যান ম্যাপ, গাংনী উপজেলা "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলা" শীর্ষক প্রকল্প, ২০১৩-২০৩৩। |  |
| স্ট্রাকচার প্ল্যান ম্যাপ, ফরিদপুর সদর উপজেলা "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলা" শীর্ষক প্রকল্প, ২০১৩-২০৩৩। |  |


| | |
|---|---|
| স্ট্রাকচার প্ল্যান ম্যাপ, সোনাতলা উপজেলা "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলা" শীর্ষক প্রকল্প, ২০১৩-২০৩৩। |  |
| স্ট্রাকচার প্ল্যান ম্যাপ, সারিয়াকান্দি উপজেলা "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলা" শীর্ষক প্রকল্প, ২০১৩-২০৩৩। |  |
| স্ট্রাকচার প্ল্যান ম্যাপ, সাঘাটা উপজেলা "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলা" শীর্ষক প্রকল্প, ২০১৩-২০৩৩। |  |
| স্ট্রাকচার প্ল্যান ম্যাপ, রামু উপজেলা "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলা" শীর্ষক প্রকল্প, ২০১৩-২০৩৩। |  |
| স্ট্রাকচার প্ল্যান ম্যাপ, রাঙ্গুনিয়া উপজেলা "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলা" শীর্ষক প্রকল্প, ২০১৩-২০৩৩। |  |

## ভবিষৎ কর্ম পরিকল্পনা

| | |
|---|---|
| “প্রিপারেশন অব ন্যাশনাল কমপ্রিহেন্সিভ ডেভেলপমেন্ট প্ল্যান ফর দি হোল কান্ট্রি” শীর্ষক প্রকল্প |  |
| জামালপুর কৌশলগত উন্নয়ন পরিকল্পনা (২০২০-৪০)” শীর্ষক প্রকল্প। |  |
| “প্রিপারেশন অব কম্প্রিহেনসিভ রিজিওনাল ডেভেলপমেন্ট প্যাকেজ ফর রংপুর ডিভিশন” শীর্ষক প্রকল্প। |   |
| “ টুঙ্গীপাড়া, কোটালিপাড়া ও গোপালগঞ্জ সদর উপজেলার সমন্বিত পরিকল্পনা প্রণয়ন” শীর্ষক প্রকল্প। |  |

বাংলাদেশে নগরায়ণ দ্রুত গতিতে চলছে। নগরাঞ্চল সম্প্রসারণের ফলে নগর জনসংখ্যা বেড়ে চলেছে এবং অপরিকল্পিত উপায়ে ভূমির ব্যবহার পরিবর্তন হচ্ছে। টেকসই ও সমন্বিত উন্নয়ন ভূমির সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করণের উপর নির্ভর করে। জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যসমূহ (SDG's) বাস্তবায়ন করা বর্তমান সরকারের অন্যতম প্রধান লক্ষ্য। মানব বসতির সাথে সম্পৃক্ত SDG ১১ নগর উন্নয়ন অধিদপ্তরের কর্মকান্ডের সাথে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সম্পৃক্ত। উক্ত লক্ষ্য অর্জনে নগর উন্নয়ন অধিদপ্তর দেশের নগর ও গ্রামীণ এলাকার জন্য উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করছে। নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত “নগর ও অঞ্চল পরিকল্পনা আইন,২০১৭” মন্ত্রী পরিষদ কর্তৃক নীতিগতভাবে অনুমোদিত হয়েছে। উক্ত খসড়াটি আইনী কাঠামো লাভ করলে দেশের পরিকল্পিত নগরায়ন নিশ্চিত করা সম্ভব হবে।

### পরিকল্পনার রোড ম্যাপ




### টেকসই উন্নয়ন লক্ষ্য মাত্রা (SDGs)




### ফ্লো ডায়াগ্রাম

